

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.১৩৩

তারিখ: ১৪ চৈত্র ১৪২৮

২৮ মার্চ ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-১৪১৯/২০২২ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলা পশ্চিম বদ্যনাথ গ্রামের মৃত. মতালেব মিয়া ছেলে জনাব মো. সোলায়মান মিয়াসহ মোট ০২ (দুই) জন সভাপতি জনাব মো. আব্দুল মান্নানের কার্যক্রম স্থগিত এবং উপজেলা নির্বাহী অফিসার সুন্দরগঞ্জ গাইবান্ধাকে শিবরাম আলহাজ্জ মো. হোসেন স্মৃতি স্কুল এন্ড কলেজ এর সভাপতির কার্যক্রম পরিচালনার আদেশ প্রদানে জন্য চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর বরাবর ০৫/১২/২০২১ তারিখে আবেদন করেন।

জনাব মো. সোলায়মান মিয়াসহ মোট ০২ (দুই) জন এর আবেদন পত্রটি প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করা সংস্কৃক হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৪১৯/২০২২ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ২০.০২.২০২২ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন;

“The respondent are directed to dispose of the representation of the petitioners dated 05.12.2021 as evident in Annexure-K to the instant writ petition in accordance with the relevant law and rules within 7 (seven) working days from the date of receipt of the instant order.”

২। বর্ণিতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-১৪১৯/২০২২ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ০৫.১২.২০২১ তারিখের আবেদনটি (Annexure-K) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮-৩-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৯৫৭৬৬৭৯

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: info@moedu.gov.bd

চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ
মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.১৩৩/১(৪)


তারিখ: ১৪ চৈত্র ১৪২৮

২৮ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৮-৩-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব